

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬।

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৫৭.১৬.১৩২

তারিখ : ০৭ মার্চ ২০২১ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উদ্যোগে অদ্য ৭ মার্চ ২০২১ তারিখ দুপুরে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের শেখ রাসেল অডিটোরিয়ামে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব শাহিন ইসলাম, এনডিসি।

আলোচনা সভায় সার্বিক ব্যবস্থাপনা ও সঞ্চালনায় ছিলেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব মো. মুনজুরুল আলম, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের প্রধান নিবাহি জনাব মো. আবুল কালাম আজাদ এবং জাতীয় পুরস্কারপ্রাপ্ত চলচ্চিত্রকার জনাব গাজী রাকায়েত। আলোচনায় আরো অংশগ্রহণ করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক জনাব মো. নজরুল ইসলাম, পরিচালক জনাব মো. জাহিদুল ইসলাম এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের পরিচালক জনাব মো. মারুফ নাওয়াজ।

বক্তাগণ ৫০ বছর আগে ১৯৭১ সালের এই দিনে রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) ১৯ মিনিটের এক জাদুকরি ভাষণ নিয়ে আলোচনা করেন। এই ভাষণের মাধ্যমে বাঙালি জাতিকে স্বপ্নে বিভোর করেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তারপর সশস্ত্র মুক্তিযুদ্ধ, ৯ মাসের লড়াই এবং স্বাধীনতা অর্জিত হয়।



৭.৬.২১

আবদুল হান্নান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএনবাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিএনএনআরসি, বাড়ী-১৩/১, রোড নং-২, শ্যামলী, ঢাকা।
- ৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। কার্যালয় নথি।